...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

আইসিটি শাখা

www.sylhet.gov.bd

আইসিটি বিষয়ক কমিটির মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	মো: মজিবর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২৫ মে ২০২২
সভার সময়	বেলা ১১:৩০ টা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট- "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় এপ্রিল ২০২২ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<u>ইনফো সরকার-৩ প্রকল্প:</u> সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প-৩ জানান, ইনফো সরকার প্রকল্পের আওতায় ৬৬টি ইউনিয়নের মধ্যে বর্তমানে ৬৬টি ইউনিয়নে যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৬৬টি ইউনিয়ন ন্যাশনাল মনিটরিং সিস্টেম (NMS) এর আওতায় আছে এবং নিরবচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহ করা হচ্ছে।	১। সিলেট জেলার ইউনিয়নসমূহে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহের বিষয়টি তদারকি করতে হবে। ২। ইউনিয়নগুলোতে বিটিসিএল ও ইনফো সরকার-৩ প্রকল্পের ইন্টারনেট সংযোগ রয়েছে। উক্ত সংযোগগুলোর সার্বিক মনিটরিং ও সমন্বয় করবেন প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।	আঞ্চলিক পরিচালক, বিসিসি, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট জুনিয়র কনসালটেন্ট ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, সিলেট
২	<u>ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন:</u> অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, ই-নথি সিস্টেমের মাধ্যমে নিয়মিত ডাক গ্রহণ করা হচ্ছে এবং তা ই-নথিতে উপস্থাপন করে নিষ্পত্তি করা হচ্ছে। প্রোগ্রমার তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, সিলেট ডি-নথি চালুর বিষয়টি সভায় উত্থাপন করেন এবং ডি-নথি চালুর পূর্বে ই-নথির ব্যবহার জোরদারকরণের বিষয়ে আলোকপাত করেন।	১। জেলা ও উপজেলা পর্যায়ের ই-নথি কার্যক্রম গতিশীল করতে মনিটরিং জোরদার করতে হবে। দীর্ঘদিন যাবত পেন্ডিংয়ে থাকা ডাক এবং নথি অবিলম্বে নিষ্পত্তি করতে হবে। ২। সকল দপ্তরের নথির কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে হবে ৩। জেলা পর্যায়ে ডি-নথির প্রশিক্ষণ যথাযথভাবে আয়োজন করতে হবে	১। ই-ফাইলিং সিস্টেম আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট

৩	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভাপতি জানান, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল যথাযথ হালনাগাদ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়ন বাংলা এবং ইংরেজিতে নিয়মিত হালনাগাদ করতে হবে। উপজেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদ করার জন্য উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নির্দেশনা প্রদান করতে হবে। এছাড়া জেলা ও উপজেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের খবর ও নোটিশ আপলোড নিশ্চিত করতে হবে। ২। জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টালের প্রত্যেকটি মেন্যু, সাব মেন্যুসহ বিভিন্ন অপশনের সমস্যাগুলো চিহ্নিত করে হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
৪	ইউডিসি সংক্রান্ত: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, একসেবা সিস্টেমে উদ্যোক্তগণ কর্তৃক প্রকৃত আয়ের তথ্য আপলোড করা হচ্ছে না। একসেবা সিস্টেমে প্রকৃত আয়ের তথ্য আপলোড করার বিষয়ে উদ্যোক্তাগণকে বিশেষ নির্দেশনা প্রদান এবং মনিটরিং করা প্রয়োজন। এছাড়া একসেবা সিস্টেমে এপ্রিল ২০২২ মাসে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ মোট ২,৪৯,৬১৯/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত উনিশ) টাকা আয়ের তথ্য আপলোড করছেন। এপ্রিল ২০২২ মাসে সর্বোচ্চ ২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা আয় করেন উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার, গোয়াইনঘাটের উদ্যোক্তা জনাব মোঃ জহির উদ্দিন এবং সর্বনিম্ন ১৫৮/- (একশত আটান্ন) টাকা আয় করেছেন মিজ্ মনোয়ারা বেগম মুন্নি, উদ্যোক্তা, খাজাঞ্চি ইউডিসি। সভায় ইউডিসি'র কার্যক্রম ও উদ্যোক্তাদের সেবা প্রদানের মান বৃদ্ধি করতে বিস্তারিত আলোচনা করা হয়। এটুআই প্রোগ্রামের ১৮ অক্টোবর ২০২১ তারিখের ৫৬.৪২.০০০০.০১১. ১২.০০১.২০.৩০ নম্বর স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে দ্রুততম সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যানদের সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের চুক্তিপত্র সম্পাদন ও অঙ্গীকারনামা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	'একসেবা' সিস্টেমে উদ্যোক্তাগণের প্রকৃত আয়ের তথ্য আপলোড করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার মনিটরিং করবেন এবং উদ্যোক্তাদের 'একসেবা' সিস্টেমে আয়ের তথ্য আপলোডের বিশেষ নির্দেশনা প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
		১। যে সকল ইউনিয়নে ইতিমধ্যে নির্বাচন সম্পন্ন হয়েছে এবং শপথ সম্পন্ন হয়েছে সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে বর্তমান উদ্যোক্তাদের দ্রুততম সময়ে চুক্তিপত্র সম্পাদন ও অঙ্গীকারনামা গ্রহণ করে জরুরি ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের হঠাৎ পরিবর্তন করা যাবে না। উদ্যোক্তা পরিবর্তনের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৩০/০১/২০১৩ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০১০.২০১১ (অংশ-১)-৫৩৪ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, সিলেট জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত ক্লাস নেয়া হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যা বৃদ্ধি এবং মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিত রিপোর্ট আপলোড করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে। অনলাইনে সম্পাদিত ক্লাসের তথ্য মাল্টিমিডিয়া সাইটে আবশ্যিকভাবে আপলোড করতে হবে। ২। সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে।	জেলা শিক্ষা অফিসার, সিলেট

৬	<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব:</u> অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, সিলেট জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা করা প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জানান, জেলা ও উপজেলা পর্যায়ে এপ্রিল ২০২২ মাসে ৩৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করা হয়েছে।	১। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোর অবস্থা মনিটরিং করতে হবে। ২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট
		প্রতি মাসে ৩০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করতে হবে।	প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.০৬.০০১.১৬.১৩২

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা
২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৩) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) সভাপতি মহোদয়ের একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট
১০) আঞ্চলিক পরিচালক , বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট
১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১২) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প, সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক